জেমসের জাদুতে মোহিত হলো হলিউড

জীবন্ত কিংবদন্তি জেমসের কণ্ঠের জাদুতে এবার মোহিত হলো হলিউড। যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে জমকালো গানের আসরে দেশীয় ব্যান্ড সংগীতে দর্শক মাতালেন জনপ্রিয় কণ্ঠশিল্পী জেমস।

চলচ্চিত্র দুনিয়ার তীর্থভূমি হলিউডে যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে ২৭ ও ২৮ মে বাংলাদেশ মেলার ওপেন কনসার্টে পারফর্ম করেছেন নগর বাউলখ্যাত জেমস।

রঙিন মঞ্চে জেমস ১৩টি গান গেয়ে মাতিয়ে তোলে দর্শক হৃদয়। অনুষ্ঠানে সবার শেষে জেমস গাইতে শুরু করেন হিন্দি সিনেমায় গাওয়া তার জনপ্রিয় গান ‘ভিগি ভিগি’। এ গানের সুরের জাদুতে মুহূর্তেই দর্শকরা হারিয়ে যান অন্য জগতে।

অনুষ্ঠানে জেমস দর্শকদের আরও গেয়ে শোনান ‘পদ্ম পাতার জল’, ‘গুরু ঘর বানাইলা কি দিয়া’, ‘মায়ের’ মতো জনপ্রিয় গান। এসব গানে দর্শকরাও গাইতে শুরু করেন নগর বাউলের সঙ্গে।

বাংলাদেশ মেলার ওপেন কনসার্টে জেমসের পাশাপাশি আরও পারফর্ম করেন তানজিন তিশা, সজল নূর, নাজু আখন্দসহ নিউইয়র্কের এক ঝাঁক শিল্পী।

সূত্র: ইত্তেফাক

ব্রাজিলের অভিনেতার রহস্যজনক মৃত্যু

কয়েকমাস নিখোঁজ থাকার পর মাটির নিচে কাঠের বাক্সে পাওয়া গেছে ব্রাজিলের জনপ্রিয় অভিনেতা জেফেরসন মাচাডোর-এর মরদেহ। ৪৪ বছর বয়সী এ অভিনেতার রহস্যজনক মৃত্যু নিয়ে বিশ্বজুড়ে চলছে তোলপাড়।

আন্তর্জাতিক সংবাদমাধ্যম নিউইয়র্ক পোস্টের প্রতিবেদনে বলা হয়েছে চার মাস ধরে নিখোঁজ ছিলেন জেফেরসন। তার ৮টি কুকুর আছে। বাড়িতে একা খুঁজে পাওয়া যায় সেই কুকুরদের। তাদের মধ্যে দু’টি মারাও গিয়েছে। এটি গত ৯ ফেব্রুয়ারির ঘটনা।

জানা যায়, জেফেরসনের ৭৩ বছর বয়সী মা মারিয়া দাস ডোরেসের এক মেসেজ পেয়েছিলেন। যেখানে একাধিক ভুল বানানে ভর্তি একটা মেসেজ পাঠানো হয়েছিল। যেখানে জেফেরসনের একটি মেসেজ আসে। সেখানে বলা হয়, তার ফোন কমোডে পড়ে গিয়েছে। তাই তিনি ভিডিও কল করতে পারছেন না। এরপর শেষ কথা হয় গত ২৯ জানুয়ারি। তারপর থেকে তার ফোনের লোকেশন নিষ্ক্রিয় হয়ে যায়। ক্লাউডের পাসওয়ার্ডও বদলে গিয়েছে।

ঘটনার কয়েকদিন পরেই জেফেরসনের রিও ডি জেনেরিওর বাড়িতে তল্লাশি চালানো হয়। সেখানে মাটির তলা থেকে কাঠের বাক্সে হাত পা বাঁধা অবস্থায় মৃতদেহ পাওয়া যায় নায়কের। মাটির ৬.৫ ফুট তলা থেকে বাক্সটি পাওয়া যায়।

সেই বাড়ির মালিক দাবি করেন, তিনি অজ্ঞাত পরিচয় এক ব্যক্তিকে ভাড়া দিয়েছিলেন এই বাড়ি। যে কিনা মাচাডোকে চেনে বলে দাবি করেছে। সিসিটিভিতে দেখা গিয়েছে, গত মাসে সেই বাড়িতে ঢুকছেন ওই ব্যক্তি।

বিয়ের সময় নেই সাল্লু বাবার

বলিউডের চিরযুবক অভিনেতা সালমান খানের জীবনে বিভিন্ন সময় নারীদের আগমন ঘটলেও তা বিয়ের জল পর্যন্ত এখনও গড়াতে পারেনি। আর ৫৫ বছর বয়সেও রোমান্টিক এই তারকাকে বলা হয় ইন্ডাস্ট্রির মোস্ট অ্যালিজেবল ব্যাচেলর।

এদিকে, ভাইজান যেখানেই যাক না তাকে বিয়ে না করা নিয়ে শুনতে হয় নানা প্রশ্নও। আর সালমানও বিভিন্ন ভাবে মজা করে তার জবাব দেন। সম্প্রতি বিয়ে সম্পর্কে প্রশ্নের জবাব পাওয়া গেলো বিয়ের সময় নেই সাল্লু বাবার।

টাইমস অফ ইন্ডিয়ার প্রতিবেদন অনুযায়ী, সালমান খান অভিনীত ‘অন্তিম’ সিনেমার প্রিমিয়ারে প্রতিবারের মতো সালমানকে বিয়ে করা নিয়ে প্রশ্ন করা হলে তার বোনের স্বামী অভিনেতা আয়ুশ শর্মা জানান সালমানের হাতে বিয়ে করার সময় নেই

তিনি আরো বলেন, আমার মতে তিনি এখন যেমন আছেন সেভাবেই সুখে আছেন। তাছাড়া তিনি নিজেই তার জীবনের সকল সিদ্ধান্ত নেন।

মনীশ শর্মা পরিচালিত ‘টাইগার থ্রি’-এ ভারতীয় গুপ্তচর টাইগারের ভূমিকায় পুণরায় অভিনয় করেছেন সালমান। এতে ক্যাটরিনা কাইফ রয়েছেন তার সঙ্গে।

সূত্র: টাইমস অফ ইন্ডিয়া

কবে আসছে ‘টাইগার ৩’, জানালেন সালমান

বহুল প্রতীক্ষিত চলচ্চিত্র ‘টাইগার ৩’-এর শুটিং শেষ করেছেন সালমান খান। বিষয়টি শেয়ার করে তারকা নিজেই জানিয়েছেন এই বছরের শেষের দিকে মুক্তি পাবে সিনেমাটি। এই দীপাবলিতে ‘টাইগার ৩’ প্রেক্ষাগৃহে মুক্তি পাবার আশা প্রকাশ করেছেন সালমান।

দুবাইতে একটি পুরষ্কার অনুষ্ঠানের ফাঁকে মিডিয়ার সাথে আলাপচারিতায় সালমান বলেন, `গত রাতে আমি টাইগারের শুটিং করছিলাম এবং আমি টাইগার ৩ শেষ করেছি। এখন আপনারা দীপাবলিতে টাইগারকে দেখতে পাবেন। এটি খুব ব্যস্ত শুটিং ছিল, যদিও এটি ভাল ছিল।’

মনীশ শর্মা পরিচালিত ‘টাইগার ৩’-এ ভারতীয় গুপ্তচর টাইগারের ভূমিকায় পুনরায় অভিনয় করেছেন সালমান। এতে ক্যাটরিনা কাইফের সাথে পুনরায় মিলিত হবেন তিনি। ফ্র্যাঞ্চাইজিটির সব সিনেমাতেই অভিনয় করেছেন ক্যাটরিনা। তৃতীয় সিনেমাটির মাধ্যমে ফ্র্যাঞ্চাইজিতে অভিষেক হচ্ছে ইমরান হাশমির।

এই ফ্র্যাঞ্চাইজির প্রথম চলচ্চিত্রটি ২০১৫ সালে মুক্তি পেয়েছিল।

কবির খান পরিচালিত ‘এক থা টাইগার’-এ অভিনয় করেছিলেন ক্যাটরিনা এবং সালমান খান। সেই বছরের শীর্ষ-আয়কারী চলচ্চিত্রগুলোর মধ্যে একটি ছিল ‘এক থা টাইগার’। এরপর আলি আব্বাস জাফর পরিচালিত দ্বিতীয় চলচ্চিত্র ‘টাইগার জিন্দা হ্যায়’ মুক্তি পায় ২০১৭ সালে। এবার ফ্র্যাঞ্চাইজির তৃতীয় কিস্তি আসতে চলেছে যার নাম ‘টাইগার ৩।’

সূত্র: ইত্তেফাক

তৃতীয়বার বিয়ে করছেন আমির খান

স্ত্রী কিরণ রাওয়ের সঙ্গে বিচ্ছেদের পর থেকেই শোনা যাচ্ছে, ‘দঙ্গল’ অভিনেত্রী ফাতিমা সানা শেখের প্রেমে মজেছেন বলিউড সুপারস্টার আমির খান। পারিবারিক বিভিন্ন অনুষ্ঠানে তাদের একসঙ্গে দেখা গেছে। তাদের ঘনিষ্ঠ ছবিও হয়েছে ভাইরাল। এবার শোনা যাচ্ছে, বিয়ের পিঁড়িতে বসতে যাচ্ছেন তারা। তবে এ বিষয়ে আমির খান কিংবা ফাতিমা কেউ মুখ খোলেন নি।

ফাতিমার সঙ্গে আমিরের সমীকরণ নিয়ে অনেকদিন ধরেই চর্চা বলিপাড়ার আনাচে কানাচে। তবে এবার আমিরের সঙ্গে সেই অভিনেত্রীর প্রেমের জল্পনায় সিলমোহর দিলেন বলিউডের স্বঘোষিত সিনেসমালোচক কামাল আর খান। সম্প্রতি সমাজমাধ্যমে তিনি দাবি করেন, বলিউড অভিনেত্রী ফতিমা সানা শেখের সঙ্গে নাকি গাঁটছড়া বাঁধতে চলেছেন আমির।

একটি টুইটে তিনি লেখেন, ‘‘খুব শিগগিরই নিজের মেয়ের বয়সী ফতিমা সানা শেখের সঙ্গে বিয়ে করতে চলেছেন আমির খান। ‘দঙ্গল’ ছবির সময় থেকেই ফতিমার সঙ্গে প্রেম করছেন আমির। যদিও কামাল আর খানের এই দাবির সত্যতা নিয়ে যথেষ্ট সন্দেহ রয়েছে।

মাঝে কিছু দিন বিষয়টি ধামাচাপা ছিল। কিন্তু নতুন একটি ভিডিও ছড়িয়ে পড়ার কারণে ফের চর্চার কেন্দ্রে আমির-ফাতিমার প্রেম। গোপনে ধারণ করা সেই ভিডিওর সূত্রে তাদের প্রেম গুঞ্জন আরও গাঢ় হয়।

ভিডিওতে দেখা যায়, আমির খান ও ফাতিমা সানা শেখ একসঙ্গে ‘পিকলবল’

খেলছিলেন। এটা কিছুটা টেনিসের মতোই। ইনডোর কিংবা আউটডোর গেম হিসেবে খেলা যায়। খেলায় আমির ও ফাতিমা একই কোর্টে রয়েছেন।

এদিকে ভিডিওটি ছড়িয়ে পড়তেই তাদের প্রেম নিয়ে জোর চর্চা শুরু হয়েছে। অনেকে অবশ্য ক্ষোভও প্রকাশ করছেন। তাদের মতে, এটা একান্তই ব্যক্তিগত সময়। এরমধ্যেও পাপারাজ্জিদের হস্তক্ষেপ উচিত নয়।

আমির খানের হাত ধরেই বলিউডে অভিষেক ফতিমা সানা শেখের। ২০১৬ সালে ‘দঙ্গল’ ছবিতে অভিনেত্রী হিসাবে আত্মপ্রকাশ তার। প্রথম ছবি থেকেই আমিরের সঙ্গে তার ঘনিষ্ঠতা চোখে পড়ার মতো। বলিউডে একাধিক পার্টিতে চর্চার বিষয় হয়েছে আমির ও ফতিমার সম্পর্কের রসায়ন। তবে, এতদিন নিজেদের সম্পর্ক নিয়ে কখনও জনসমক্ষে মুখ খোলেননি আমির বা ফতিমা কেউই। অথচ আমিরের মেয়ের বাগ্দান অনুষ্ঠানেও দেখা গিয়েছে ফতিমাকে। এবার আমিরের সঙ্গে তার বিয়ের খবর সমাজমাধ্যমের পাতায় ফাঁস করলেন কামাল আর খান।

সূত্র: ইত্তেফাক

ভারতের টিভি অভিনেতা নীতেশ পাণ্ডে মারা গেছেন

ভারতের জনপ্রিয় টিভি অভিনেতা নীতেশ পাণ্ডে মারা গেছেন। হৃদরোগে আক্রান্ত হয়ে মাত্র ৫১ বছর বয়সেই ভক্ত এবং পরিজনদের ছেড়ে চলে গেলেন হিন্দি টেলিভিশন সিরিয়ালের সফল এই অভিনেতা।

হিন্দুস্থান টাইমসের প্রতিবেদন অনুযায়ী, বুধবার (২৪ মে) সকালে নীতেশের আত্মীয় ও প্রযোজক সিদ্ধার্থ নগর তার মারা যাওয়ার খবরটি নিশ্চিত করেছেন।

জানা যায়, শ্যুটিংয়ের জন্য লাগাতপুরী ছিলেন নীতেশ পান্ডে। সেখানে রাত দুইটার সময় হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান এই অভিনেতা। জীবনের শেষ দিনটি পরিবারকে কাছে পাননি নীতেশ।

হিন্দি টেলিভিশনে নীতেশ খুবই পরিচিত একটি নাম। পেয়ার কা ডরদ হে মিঠা মিঠা পেয়ারা পেয়ারা ধারাবাহিকে হরিশ কুমারের চরিত্রে তার অভিনয় দর্শকের মন জয় করেছিল। এছাড়াও হিন্দি টেলিভিশনের ডেইলি সোপ অনুপমাতেও তিনি অভিনয় করেছেন। ছোট পর্দার পাশাপাশি বড় পর্দাতেও কাজ করেছেন এই অভিনেতা।

ওম শান্তি ওমে শাহরুখের ম্যানেজারের ভূমিকায় দেখা গিয়েছিল এই প্রয়াত টেলি অভিনেতাকে। এছাড়াও সালমান খান ও সোনাক্ষী সিনহা অভিনীত ‘দাবাং ২’, ‘খোসলা কা গোসলা’-এর মতো সিনেমায় অভিনয় করেছেন নীতেশ পান্ডে।

সূত্র: হিন্দুস্থান টাইমস

ক্যানসার আক্রান্ত বৃদ্ধার শেষ ইচ্ছা পূরণ করলেন শাহরুখ

শয়নে-স্বপনে-জাগরণে শুধুই শাহরুখ খান। ঘরভর্তি শাহরুখের ছবি, ফিল্মের পোস্টার। ‘পাঠান’ মুক্তির পর হুইলচেয়ারে বসে হলে কিং খানের ছবি দেখতে গিয়েছিলেন। শাহরুখের কোনও ছবিই মিস করেন না তিনি। বাজিগর ছবি দেখে মেয়ের নাম ‘প্রিয়া’ রেখেছিলেন। ‘বাজিগর’ থেকে শুরু, তিন দশক ধরে এভাবেই চলছে শিবানী চক্রবর্তীর।

৬০ বছরের শিবানী দেবী লড়াই করছেন ক্যানসারের সঙ্গে। স্বপ্নের নায়ক শাহরুখ খানকে দেখাই তার শেষ ইচ্ছা। বৃদ্ধার ইচ্ছে ছিল, ‘মরে যাওয়ার আগে শাহরুখকে একবার দেখতে চান। তবে সেই ভক্তকে নিরাস করেননি কিং খান। ভক্তর ডাকে ইতিমধ্যেই সাড়া দিয়েছেন শাহরুখ খান। সামনাসামনি না হলেও ভার্চুয়ালি! সোমবার রাতে ভিডিও কলে শিবানীর সঙ্গে কলে কথা বলেন শাহরুখ।

উত্তর চব্বিশ পরগণার খড়দার দক্ষিণপল্লীর বাসিন্দা শিবানী চক্রবর্তী। সপ্তাহখানেক আগেই সংবাদমাধ্যমের সামনে নিজের শেষইচ্ছের কথা জানিয়েছিলেন শিবানী চক্রবর্তী।

শিবানী চক্রবর্তীর কন্যা ভারতীয় গণমাধ্যমকে জানান, ‘মায়ের সঙ্গে শাহরুখ স্যারের বিস্তারিত কথা হয়েছে। আমার সঙ্গে কথা বলেছেন উনি। মায়ের স্বাস্থ্যের ব্যাপারে খোঁজ নেন, জানান উনি মায়ের জন্য প্রার্থনা করবেন। পাশাপাশি মায়ের চিকিৎসার জন্য সবরকম সাহায্যের কথা বলেন তিনি’।

২০২১ সাল নাগাদ কোমরের অপারেশন হয় শিবানী দেবীর। সেই সময়ই জানা যায়, ক্যানসার বাসা বেঁধেছে তাঁর শরীরে। কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালের ক্যানসার রোগ বিভাগে দীর্ঘদিন যাবত চিকিৎসাধীন খড়দার এই বাসিন্দা। ইতিমধ্যেই ১০টি কেমো হয়েছে। তবে শিবানী দেবীর ফিরে আসার খুব বেশি সম্ভাবনা নেই, এমনটাই জানিয়েছেন চিকিৎসকরা।

ফারুকের আসনে উপনির্বাচনে সম্ভাব্য প্রার্থীদের ইঙ্গিত করে বাপ্পারাজের পোস্ট

বাংলা চলচ্চিত্রের জনপ্রিয় নায়ক এবং ঢাকা-১৭ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আকবর হোসেন পাঠান ফারুক মারা গেছেন। তার মৃত্যুতে আসনটি শূন্য হয়েছে। এই আসনে নির্বাচনে অংশ নেওয়ার জন্য বেশ তোড়জোড় শুরু হয়েছে।

ছোটপর্দার জনপ্রিয় অভিনেতা সিদ্দিকুর রহমান সিদ্দিক অনেক আগে থেকেই এ আসনে সংসদ সদস্য হওয়ার ইচ্ছা প্রকাশ করে ব্যানার-ফেস্টুন ঝুলিয়ে আসছেন। তবে নায়ক ফারুকের মৃত্যুর পর থেকে অনেকটা বেশিই তৎপর হয়েছেন এ অভিনেতা। এ নিয়ে সমালোচনার মুখেও পড়েছেন।

এর আগে সিদ্দিক ছাড়াও আরও অনেক তারকার নাম প্রস্তাবনা হিসেবে এসেছে ঢাকা-১৭ আসনে।

এ নিয়ে মুখ খুলেছেন বাংলা চলচ্চিত্রের জনপ্রিয় চিত্রনায়ক বাপ্পারাজ। এর পেছনে কারণও রয়েছে। এ অভিনেতার বাবা প্রয়াত নায়ক

রাজ্জাকের বাড়ির নাম ‘লক্ষ্মীকুঞ্জ’। বাড়িটি রাজধানীর গুলশান-২ এ অবস্থিত। আর সেখানেই পরিবারসহ বসবাস করছেন বাপ্পারাজ। সেই হিসেবে তারা ঢাকা-১৭ আসনের অন্তর্ভুক্ত।

রোববার ফেসবুকে নিজস্ব ওয়ালে ক্ষোভ প্রকাশ করে একটি পোস্ট করেন। সেখানে বাপ্পারাজ লেখেন— ঢাকা উত্তরের যারা মেয়র হয়ে আসেন, তারা এতটাই এফিসিয়েন্ট যে, কোনো কাজ অসমাপ্ত রাখেন না। যেটা এসে কোনো এমপি সাহেবকে সমাপ্ত করতে হবে।

তিনি আরও লেখেন, একজন মৃত মানুষের সেন্টিমেন্টকে ক্যাশ করে যারা ফায়দা লুটতে চাচ্ছেন, তারা অফ যেতে পারেন। গুলশান আপনাদের চায় না।

জুনিয়র এনটিআরকে দ্বিতীয় যুদ্ধের আহ্বান জানালেন হৃত্বিক

দক্ষিণ ভারতীয় তারকা জুনিয়র এনটিআর আন্তর্জাতিক খ্যাতি পেয়েছেন ‘আরআরআর’ সিনেমার মাধ্যমে। এবার তার গ্র্যান্ড এন্ট্রি হতে চলেছে বলিউডে। আর দক্ষিণী এই হিরোর বিপরীতে থাকছেন বলিউডের অভিনেতা হৃত্বিক রোশন। টু্ইটারে যুদ্ধে আহ্বান জানিয়ে তারই ইঙ্গিত দিয়েছেন হৃতিক রোশন।

হিন্দুস্থান টাইমসের প্রতিবেদন অনুযায়ী, সম্প্রতি জুনিয়ার এনটিআরের জন্মদিনে টুইটারে তাকে শুভেচ্ছাবার্তায় যুদ্ধক্ষেত্রে নেমে পড়ার আহ্বান জানিয়েছেন হৃতিক রোশন। হৃতিক লিখেছেন, ‘শুভ জন্মদিন জুনিয়র এনটিআর! আনন্দে ভরে উঠুক তোমার আগামী দিন, অ্যাকশনে হোক জমজমাট। যুদ্ধভূমিতে তোমার জন্য অপেক্ষায় আছি বন্ধু। তোমার আগামী দিনগুলো আনন্দ আর শান্তিতে ভরে উঠুক, যতক্ষণ না আমাদের দেখা হচ্ছে।’

‘যুদ্ধভূমি’ বলতে হৃতিক যে ‘ওয়ার ২’- এর দিকেই ইঙ্গিত করেছেন তা

বুঝতে পেরেছেন অনুরাগীরাও। দুজন একসঙ্গে স্ক্রিন শেয়ার করবেন জেনে ভক্তরা একের পর এক উচ্ছ্বসিত মন্তব্য করেছেন কমেন্ট সেকশনে।

অন্যদিকে ফিল্ম সমালোচক তরুণ আদর্শ তারে টুইটারে হৃত্বিক রোশন আর জুনিয়র এনটিআর-এর ছবি পোস্ট করে জানিয়েছেন, ‘পরিচালক অয়ন মুখোপাধ্যায়ের ওয়ার-২ তে অফিসিয়ালি তারা কাজ করছেন।’

২০১৯ সালে যশরাজ ফিল্মসের স্পাইভার্সের ছবি ‘ওয়ার’ মুক্তি পেয়েছিল। মেজর কবীরের ভূমিকায় অভিনয় করেছিলেন হৃতিক রোশন। টাইগার শ্রফ আবার ক্যাপ্টেন খালিদ ও ক্যাপ্টেন সৌরভ, দুটি চরিত্রে অভিনয় করেছিলেন। সিদ্ধার্থ আনন্দের পরিচালনায় দুই অ্যাকশন হিরোর যুগলবন্দিতে যশরাজ ফিল্মসের আয়ও ছিল বেশ ভাল। ১৭০ কোটির ‘ওয়ার’ ছবিটি ব্যবসা করেছিল প্রায় ৪৭৬ কোটি!

সেই সাফল্যের সূত্র ধরেই যশরাজ ফিল্মসের ব্যানারে শুরু হতে চলেছে ‘ওয়ার ২’-এর কাজ। বেশ কিছুদিন ধরেই শোনা যাচ্ছিল, এই ছবিতে জুটি বাঁধতে চলেছেন হৃতিক রোশন ও জুনিয়র এনটিআর।

সূত্র: ইত্তেফাক

ডিবি কার্যালয়ে নোবেলের সাবেক স্ত্রী, করলেন গুরুতর অভিযোগ

প্রতারণার মামলাসহ একাধিক অভিযোগে ‘সারেগামাপা’ খ্যাত গায়ক মাইনুল আহসান নোবেলকে গ্রেপ্তারের পর ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি) কার্যালয়ে নিয়ে তাকে জিজ্ঞাসাবাদ করা হয়। এ সময় সেখানে উপস্থিত ছিলেন নোবেলের সাবেক স্ত্রী সালসাবিলও। সেখানে নোবেলের বিরুদ্ধে মৌখিক অভিযোগ করেছেন তিনি।

শনিবার (২০ মে) দুপুরে মিন্টো রোডে ডিবি কার্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে সালসাবিল বলেন, আজ ডিবি পুলিশ থেকে আমাকে ডাকা হয়েছে। আমি তাদের কাছে মৌখিক অভিযোগ দিয়েছি। তারা পুরো বিষয়টি

গুরুত্ব দিয়ে দেখছে।

ডিবি কার্যালয়ে থেকে বের হয়ে গণমাধ্যমে তিনি বলেন, আমি যখন নোবেলের সঙ্গে সংসার শুরু করি, তখন সে ভীষণ ভালো একজন মানুষ ছিলেন। কিন্তু হুট করে একটি চক্রের মধ্যে পড়ে নেশায় আসক্ত হয়ে পড়ে সে। এতে নোবেলের আচার-আচরণে ব্যাপক পরিবর্তন আসে। অন্য এক নোবেলে পরিবর্তন হয় সে। এখন পর্যন্ত যত সমালোচিত কাজ নোবেল করেছে তার সবই নেশাগ্রস্ত হওয়ার পর।

এক নারী এয়ার হোস্টেস নোবেলকে মাদক সরবরাহ করে দাবি করে সালসাবিল বলেন, এই চক্রের একজন নোবেলের সঙ্গে যোগাযোগ রাখে। সে তাকে মাদক সাপ্লাই দেয়। এমনকি তাদের এই সকল বিষয় নিয়ে আমি কথা বলায় আমাকে বিভিন্ন নম্বর থেকে হুমকি দেওয়া হতো, তবে আমি নাম প্রকাশ করতে চাচ্ছি না।

তিনি বলেন, নোবেল মাদক সেবন করে বাসায় এসে আমাকে নির্যাতন করত। একদিন ৯৯৯-এ কল দিয়ে পুলিশ ডাকি। তারা আমাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে। নোবেল সেই পুলিশ সদস্যদের সামনে স্বীকার করেছে মাদক সেবনের কারণে আমাকে মারধর করে। এরপর আমি গুলশান থানায় সাধারণ ডায়েরি করি।’

অনুষ্ঠানে না গিয়েও এক লাখ ৭২ হাজার টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগে নোবেলের বিরুদ্ধে রাজধানীর মতিঝিল থানায় মামলা তাকে গ্রেপ্তার করে ডিবি। গায়ক মাঈনুল আহসান নোবেলকে প্রতারণার অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে বলে জানিয়েছেন ডিএমপি কমিশনার খন্দকার গোলাম ফারুক।

সূত্র: ইত্তেফাক